দৈনিক ইত্তেফাক

তারিখ 31 OCT 1994

পৃষ্ঠা ৭ কলাম ৫

32

## দাবী-আদায়ের জন্য বেসরকারী প্রাথমিক শিক্ষকরা ১ মাস স্কুল বন্ধ রাখিবেন

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল (সোমবার) জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ৪ দফা দাবী আদায়ের লক্ষ্যে ১লা নভেম্বর হইতে ৩০শে নভেম্বর এক মাস দেশের বেসরকারী প্রাথ-

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

### দাবী আদায়ের জন্য

(১ম পৃষ্ঠার পর)

মিক বিদ্যালয়সমূহ বন্ধ রাখার কর্মসূচী ঘোষণা করিয়াছে। দাবী আদায়ের লক্ষ্যে ৩রা নভেম্বর থানাসমূহে হরতাল, ১০ই নভেম্বর জেলা সদরে সমাবেশ ও বিক্ষোভ এবং ৩০শে নভেম্বর সকল বিভাগীয় সদরে সমাবেশ পালনের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। সমিতির সভাপতি মেজর (অবঃ) আছাদু-জ্জামান সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন।

সমিতির ৪ দফা দাবীর মধ্যে রহিয়াছে 'বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও কর্মরত শিক্ষক-শিক্ষিকার চাকুরী সরকারী-করণ।